সমঝোতায় ব্যর্থ হলে কঠোর পরিণতি ভোগ করবে ইরান: ডোনাল্ড ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুঁশিয়ারি দিয়েছেন, ইরানের সঙ্গে সমঝোতায় ব্যর্থ হলে দেশটি কঠিন পরিস্থিতির মুখোমুখি হবে। তিনি বলেছেন, "আমি চাই ইরানের সঙ্গে চুক্তি হোক। সমঝোতায় ব্যর্থ হলে এটি ইরান ও তার জনগণের জন্য অত্যন্ত খারাপ দিন হবে।"

ট্রাম্প আরও জানিয়েছেন, জয়েন্ট চিফস অফ স্টাফের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইন বিষয়টি দেখছেন। তিনি অভিজ্ঞ একজন সেনা কর্মকর্তা এবং আগে 'মিডনাইট হ্যামার' অপারেশনের নেতৃত্ব দিয়েছেন। তবে ট্রাম্প ক্ষোভ প্রকাশ করে বলেছেন, কেইনের বক্তব্যের ভুল ব্যাখ্যা করা হচ্ছে।

ইরান পাল্টা হুঁশিয়ারি দিয়েছে। দেশটি জানিয়েছে, প্রতারণার শিকার হলে তারা জবাব দিতে প্রস্তুত। একই সঙ্গে তেহরান জানিয়েছে, সংঘাত নয়, আলোচনার মাধ্যমে সমাধান চায়।

অভ্যন্তরীণ অস্থিরতাও রয়েছে। তৃতীয় দিনের মতো বিশ্ববিদ্যালয়গুলোতে সরকারের বিরুদ্ধে বিক্ষোভ চলছে। তেহরান ইউনিভার্সিটি, আল জাহরা ও আমির কবির বিশ্ববিদ্যালয়ে প্রতিবাদরতরা জাতীয় পতাকা পোড়াচ্ছেন।

পরিস্থিতি ক্রমেই উত্তপ্ত। আগামী বৃহস্পতিবার সুইজারল্যান্ডের জেনেভায় নতুন পরমাণু আলোচনার আগে জাতিসংঘ দুই দেশকেই সংঘাত এড়িয়ে আলোচনার মাধ্যমে উত্তেজনা প্রশমনের আহ্বান জানিয়েছে।